দৈনিক সংবাদ

তারিখ ... SEP 1995 ... ...
পৃষ্ঠা .. ২ কলাম .. ৫......

# সরকারি মাধ্যমিক শিক্ষক সমিতিগুলো এক হলো

(নিজস্ব বার্তা পরিবেশক)

বাংলাদেশ সরকারি মাধ্যমিক শিক্ষক সমিতি ঐক্যপরিষদ বহুধা বিভক্ত সকল গ্রুপের কার্যক্রম বন্ধ রাখার ব্যাপারে একমত হয়েছে। পরিষদ একটি মাত্র জাতীয় কমিটি গঠনের উদ্দেশ্যে ৩০শে জানুয়ারির মধ্যে কেন্দ্রীয় নির্বাচন সম্পন্ন করারও সিদ্ধান্ত নিয়েছে।

গতকাল বুধবার জাতীয় প্রেসক্লাবে এক সাংবাদিক সম্মেলনে মাধ্যমিক শিক্ষক সমিতি নেতৃবৃন্দ একথা ঘোষণা করেন। বাংলাদেশ সরকারি মাধ্যমিক শিক্ষক সমিতি ঐক্যপরিষদের আহ্বায়ক বেগম মমতাজ আউয়াল সাংবাদিক সম্মেলনে বক্তব্য রাখেন।

তিনি বলেন, আবদুর রাজ্জাক, সিকান্দার আলী খলিফা, মতিউর রহমান, মজিবুর রহমান ও আলাউর রহমানের নেতৃত্বাধীন গ্রুপগুলোর সঙ্গে আলোচনা করে এই ঐক্যপরিষদ গঠিত হয়েছে। সকল গ্রুপে সর্বসম্মতিতে গত ১৪ই সেপ্টেম্বর তাকে আহ্বায়ক করে ৩১ সদস্যবিশিষ্ট একটি আহ্বায়ক কমিটি গঠিত হয়েছে। সাংবাদিক সম্মেলনে আরও বলা হয়, নব গঠিত ঐক্যপরিষদ সহকারী শিক্ষকদের 'প্রথম শ্রেণীর' গেজেটেড পদমর্যাদা ও স্বতন্ত্র মাধ্যমিক অধিদপ্তর গঠনের দাবিতে আন্দোলন গড়ে তুলবে